

মদন মোহন হালদার চ্যালেঞ্জ শিল্ডের প্রত্যাবর্তন ঘিরে বীরভূমে ফুটবল জ্বর

এই বার্ষিক নকআউট ফুটবল টুর্নামেন্টকে ঘিরে স্থানীয় মানুষের একাত্মতা এবং ক্রীড়ামনস্কতার ছবি

বীরভূম, ২৭ নভেম্বর - মদন মোহন হালদার চ্যালেঞ্জ শিল্ড ফুটবল টুর্নামেন্ট বীরভূমের বহু প্রতিষ্ঠিত ক্রীড়া অনুষ্ঠান শুরু হল। ১৯৯০ সালে আহমদপুর প্লেয়ার্স অ্যাসোসিয়েশনের উদ্যোগে এই ফুটবল প্রতিযোগিতা শুরু হয়েছিল। তারপর থেকে তা এখন এই অঞ্চলের বিখ্যাত ফুটবল উৎসবে পরিণত হয়েছে। পশ্চিমবঙ্গের বিভিন্ন অঞ্চলের ফুটবল দল এই টুর্নামেন্টে অংশ নেওয়ার ব্যাপারে এখন ভীষণ আগ্রহী।

এই টুর্নামেন্টের চলাকালীন, একদিন একটি মেয়েদের ফুটবল প্রদর্শনী ম্যাচ হয়ে থাকে। এই ম্যাচ আয়োজনের মধ্যে দিয়ে আহমদপুর প্লেয়ার্স অ্যাসোসিয়েশনের মেয়েদের ফুটবল উন্নয়নের প্রতি আগ্রহ এবং উদ্যোগ তুলে ধরা হয়। প্রসঙ্গত, চলতি বছরটা আহমদপুর প্লেয়ার্স অ্যাসোসিয়েশন তাদের পঞ্চাশতম বছর পালন করছে। মদন মোহন হালদার চ্যালেঞ্জ শিল্ড পূর্বের তুলনায় এখন বিবর্তিত হয়েছে। কলেবরে বৃদ্ধি পেয়েছে। এই জনপ্রিয় উৎসবমুখর ফুটবল প্রতিযোগিতার আয়োজন এখন সর্বাঙ্গীন সুন্দর। পাঁচ হাজার টাকার বাজেটে যে ফুটবল প্রতিযোগিতা শুরু হয়েছিল তা সর্বতভাবে এখন আরও সমৃদ্ধ।

বিভিন্ন জেলার ফুটবল দলের অংশগ্রহণে আঞ্চলিক প্রভাব দেখা যায়। একই সঙ্গে মার্চের বাইরেও ক্রীড়া-উৎসবকে ঘিরে স্থানীয় মানুষের একাত্মতা ফুটে উঠেছে। ফুটবলের প্রতিদ্বন্দ্বিতা, স্থানীয় মানুষের যোগদান এবং নারী পুরুষের সম্মেলিত যোগদানের অনন্য মিশেলে এই টুর্নামেন্ট এলাকার দৈনন্দিন ক্যালেন্ডারে ইতিমধ্যে জায়গা করে নিয়েছে। আট দিনের মদন মোহন হালদার চ্যালেঞ্জ শিল্ড প্রতিযোগিতায় মুর্শিদাবাদ, দুর্গাপুর, বীরভূম এবং কলকাতার আটটি দল অংশ নিচ্ছে। ১৭থেকে ২০বছর বয়সী ফুটবলারদের কাছে এই টুর্নামেন্ট গুরুত্বপূর্ণ মঞ্চ যেখানে তারা তাদের ফুটবলের প্রতি আবেগ মেলে ধরার সুযোগ পায়।

স্থানীয় অঞ্চলের বিশিষ্ট ব্যক্তির ছাড়াও সাংসদ, বিধায়ক এবং সুরত ভট্টাচার্য, ভাস্কর গাঙ্গুলীর মত প্রথিতযশা ফুটবল তারকারা এই কর্মকান্ডকে উৎসাহিত ও সমর্থন করতে উপস্থিত থাকেন। এই বছর সূজন পাণ্ডে, বিডিও, সাঁইথি ব্লক, বীরভূম, শ্রী মহাদেব দত্ত, প্রাক্তন ফুটবলার ও সমাজকর্মী, শ্রী প্রশান্ত সাধু, সভাপতি, সাঁইথিয়া পঞ্চায়েত সমিতি, শ্রী সোমনাথ সাধু, প্রাক্তন সভাপতি, সাঁইথি পঞ্চায়েত সমিতি, শ্রী রাজেন্দ্র নাথ চন্দ্র, উপ প্রধান, আহমদপুর গ্রাম পঞ্চায়েত এর এই বিশিষ্ট ব্যক্তিবর্গ এই ফুটবল টুর্নামেন্টের উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। স্থানীয় স্কুল, কলেজ এবং ক্লাবের ছেলেমেয়েদের উৎসাহ উদ্দীপনা এই টুর্নামেন্ট ঘিরে দেখা যায়।

গত দশবছর ধরে হালদার ভেঞ্চার লিমিটেড এই টুর্নামেন্টকে সার্বিকভাবে সমর্থন করে আসছে। এই টুর্নামেন্ট শুধু ফুটবল খেলারই উৎসব নয় একই সঙ্গে কোম্পানির শতবর্ষের উত্তরাধিকারের অভিজ্ঞান। যা সামাজিক দায়বদ্ধতার প্রকাশও বটে। হালদার ভেঞ্চার লিমিটেডের চেয়ারম্যান, শ্রী প্রভাত কুমার হালদার বলেছেন, “হালদার ভেঞ্চার লিমিটেডের পক্ষ থেকে আমরা বিশ্বাস করি সুস্থ এবং শক্তিশালী সমাজ গড়ে তুলতে খেলাধুলার প্রয়োজন রয়েছে। মদন মোহন হালদার চ্যালেঞ্জ শিল্ড শুধু ফুটবল টুর্নামেন্ট নয় তার থেকেও বাড়তি কিছু। বীরভূমের যুবাদের শরীর চর্চার প্রতি আগ্রহ, দলগত সংহতি এবং খেলোয়ার সুলভ মানসিকতা গড়ে তোলার অনুপ্রেরণা যোগায় এই ফুটবল টুর্নামেন্ট। আমরা গর্বিত এই টুর্নামেন্টের পাশে সর্বতভাবে দাঁড়াতে পেরে, যা কেবলমাত্র আমার বাবার উত্তরাধিকারের প্রতি সম্মানই নয়, একইসঙ্গে যুবাদের মার্চ এবং মার্চের বাইরে এই পরম্পরাকে অনুসরণ করতে উৎসাহিত করা।”

এই টুর্নামেন্ট নামাঙ্কিত মদন মোহন হালদারের নামে। অত্যন্ত সম্মানীয় মানুষটি সমাজের সকলের প্রিয় ছিলেন। যা সমাজের সঙ্গে কোম্পানির দীর্ঘ সম্পর্কের কথা প্রমাণ করে। হালদার ভেঞ্চার লিমিটেড টুর্নামেন্টের সম্বন্ধিকে সমর্থন করে। তারা চায় এই টুর্নামেন্ট বীরভূম জেলার গণ্ডি অতিক্রম করে ছড়িয়ে পড়ুক, যাতে বীরভূমের অসাধারণ ফুটবল প্রতিভা বাকিদের নজরে পড়ে। হালদার ভেঞ্চার লিমিটেড সমাজ উপকৃত হয় এমন যেকোনও উদ্যোগে অংশীদার হতে দায়বদ্ধ। গত একশো বছর ধরে মানুষ তাদের সমর্থন করে এসেছে। মদন মোহন চ্যালেঞ্জ শিল্পের পৃষ্ঠপোষকতা তাই মানুষকে কিছু ফিরিয়ে দেওয়ার প্রচেষ্টার অনেক উদ্যোগের মধ্যে একটি উদাহরণ মাত্র।

For more information, please visit <https://halderventure.in/> or contact Subhajit Banerjee at subhajit@halderventure.in

###

About Halder Venture Limited

Halder Venture Limited, a leading rice and edible oil manufacturing company with a legacy dating back to 1924 continues its mission of 'Growing Goodness' in communities worldwide. Originated from B.C. Halder Rice and Oil Mills, founded by the visionary Mr. Brindaban Chandra Halder, has built a century-long heritage of excellence, responsibility, and innovation.

Driven by a vision to nurture humanity and create a well-nourished society, Halder Venture Limited's mission is to ensure access to nutritious food to all sectors of the society. With its headquarters based in West Bengal, India, Halder Venture Limited has expanded its footprint globally, operating in countries such as Singapore, Benin, Togo, Ghana, Cameroon, Russia, and Bangladesh. The company offers a diverse range of products including Parboiled Rice, White Rice, Vietnamese Rice and Edible oils under rice brands like Bhojmoti, Bhoj, Hira, Tumi and Diva and oil brands like Odaana and Omaana. Halder Venture Limited is dedicated to promoting sustainability and social responsibility while encouraging healthier lifestyles. For further information, please visit <https://halderventure.in/>